



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১০০০

তারিখঃ ০৩/০৯/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৯১ তম কমিশন সভা অদ্য ০৩/০৯/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলের আচরণ বিধি নং ১, Margin Rules, 1999 এর Rule 3(7) এবং কমিশনের Directive No. SEC/Section/CMRRCD/2001-43/89 dated: 11/02/2009 ভঙ্গ করে বিনিয়োগকারী মিসেস রুখসানা আকতার -কে অনুমোদিত অনুপাতের অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করায় NBL Securities Ltd. -কে আজকের সভায় ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।
২. সভায় বিডিবিএল পরিচালিত প্রথম বিএসআরএস মিউচুয়াল ফান্ডটির অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, বিডিবিএল, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অবলুপ্তি সংক্রান্ত বিধি অনুসরণপূর্বক অবলুপ্তি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করবে।
৩. মোজাফফর হোসাইন স্পিনিং মিলস লিঃ এর ১০ টাকা মূল্যমানের ২.৭৫ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২৭.৫০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেয়াদী ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। মোজাফফর হোসাইন স্পিনিং মিলস লিঃ এর ৩০শে জুন ২০১২ সালের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৭৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৯.৫৬ টাকা। উল্লেখ্য, আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং এএফসি ক্যাপিটাল লিঃ, মোজাফফর হোসাইন স্পিনিং মিলস লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।


06/02/2013

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র